

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
আঞ্চলিক লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা
প্রশিক্ষণ শাখা

স্মারক নম্বর: ০৫.০১.০০০০.০৬১.১৬.০০৩.০৮.২৫

তারিখ: ২ আষাঢ় ১৪২৯

১৬ জুন ২০২২

বিষয়: **জুলাই-ডিসেম্বর/২০২২ মেয়াদে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সের বিবরণী অনুযায়ী প্রশিক্ষণার্থী মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ে আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা কর্তৃক ২০২২-২৩ অর্থ বৎসরের (জুলাই - ডিসেম্বর) প্রথম ০৬ মাসে অনুষ্ঠিতব্য বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর থেকে প্রতি কোর্সে ০১ (এক) জন প্রশিক্ষণার্থীকে মনোনয়ন প্রদানের জন্য এতদসঙ্গে একটি কোর্স বিবরণী প্রেরণ করা হলো (শুধুমাত্র ঢাকা ও ময়মনসিংহ বিভাগের অন্তর্ভুক্ত দপ্তরসমূহের জন্য)। মহোদয়ের সানুগ্রহ বিবেচনার জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন দেয়ার নিয়মাবলী নিচে বর্ণনা করা হলো:

- (১) মনোনীত প্রশিক্ষণার্থীকে আবশ্যিকভাবে Online Registration করতে হবে। কোর্স শুরুর ১৫দিন পূর্বে Online Registration এর অপশন চালু হবে। Online Registration এর জন্য ওয়েব লিংকঃ http://erp.bpatc.org.bd/bpatcregistration/rpatc_add_new.php অথবা <http://www.bpatc.org.bd> ওয়েব সাইটে গিয়ে RPATC ONLINE REGISTRATION ট্যাব এর নীচের Online Registration এ ক্লিক করলে Online Registration এর জন্য পেইজ পাওয়া যাবে। সেখানে গিয়ে Online রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। Online Registration এর সময় প্রদত্ত আইডি এবং পাসওয়ার্ড অবশ্যই প্রশিক্ষণার্থীকে সংরক্ষণ/মনে রাখতে হবে। Online Registration এর আসন সংখ্যা/লক্ষ্যমাত্রা পূর্ণ হওয়ার পর তা সক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। Online Registration ছাড়া কাউকে প্রশিক্ষণের সুযোগ প্রদান করা সম্ভব হবে না।
- (২) মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ আরম্ভ হওয়ার দিন মনোনয়নের কপি, অবমুক্তির আদেশ এবং পাসপোর্ট আকারের এক কপি ছবিসহ সকাল ৯.০০ ঘটিকার পূর্বে এ কেন্দ্রে (৪৯ নিউ ইস্কাটন, ঢাকা) রিপোর্ট করতে হবে। সাধারণভাবে দৈনিক প্রশিক্ষণকাল হবে সকাল ৯.০০ টা থেকে বিকেল ৫.০০ টা পর্যন্ত।
- (৩) প্রশিক্ষণকালীন কোন প্রকার ঐচ্ছিক/নৈমিত্তিক বা খন্ডকালীন ছুটি দেয়া হবে না বিধায় মনোনয়ন দেয়ার ক্ষেত্রে বিষয়টি বিবেচনায় নিয়ে প্রশিক্ষণার্থী মনোনয়ন দিতে হবে এবং প্রশিক্ষণের প্রয়োজনে সাপ্তাহিক ছুটির দিন বা জাতীয় দিবস উদযাপনে প্রশিক্ষণার্থীদেরকে কেন্দ্রে অবস্থান করতে হতে পারে।
- (৪) মনোনয়ন পত্রে মনোনয়নপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর টেলিফোনসহ, ই-মেইল ঠিকানা (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে।
- (৫) একই দপ্তর হতে একই কোর্সে একই সঙ্গে একাধিক প্রশিক্ষণার্থীকে মনোনয়ন দেয়া যাবে না।
- (৬) পূর্বে কোন কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীকে একই কোর্সে পুনরায় মনোনয়ন দেয়া যাবে না।
- (৭) কোর্সের জন্য কোন প্রশিক্ষণ ফি প্রদান করতে হবে না।
- (৮) প্রশিক্ষণের কার্যকারিতা ও প্রায়োগিক দিকের প্রতি খেয়াল রেখে অপেক্ষাকৃত নবীন কর্মকর্তা/কর্মচারিকে মনোনয়নে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- (৯) প্রশিক্ষণকালীন সময়ে এ কেন্দ্রের ডরমিটরিতে আসন খালি থাকা সাপেক্ষে আবাসনের সুবিধা পাওয়া যাবে।
- (১০) সরকার প্রবর্তিত হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

যোগাযোগ (অফিস চলাকালীন সময়ে):

- (১) জনাব মো: মাসুদ আলম, সহকারি পরিচালক (প্রশিক্ষণ ও অর্থ), আরপিএটিসি, ঢাকা। ফোন: ০২৪৮৩১৭২৯৫
- (২) জনাব ফারজানা ইয়াসমিন, প্রশিক্ষণ সহকারি, আরপিএটিসি, ঢাকা। মোবাইল: ০১৫৭৫৭১৭৬৭৮

সংযুক্তি: কোর্স বিবরণী (০১ পাতা)/অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য।



১৬-৬-২০২২

শাকির আহম্মদ

উপপরিচালক (উপসচিব)

ফোন: ৯৩৬১৭৯৫

ফ্যাক্স: ৯৩৬১১৫০

ইমেইল: rpatcdhaka@yahoo.com

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) সেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা
- ৩) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ/ঢাকা

স্মারক নম্বর: ০৫.০১.০০০০.০৬১.১৬.০০৩.০৮.২৫/১(৩)

তারিখ: ২ আষাঢ় ১৪২৯
১৬ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, এসটি এ্যান্ড আরসি অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ২) এমডিএস, ব্যবস্থাপনা ও উন্নয়ন বিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৩) সীট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, ব্যবস্থাপনা ও উন্নয়ন বিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)



১৬-৬-২০২২

শাকির আহম্মদ

উপপরিচালক (উপসচিব)